

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ১৫৭

আগরতলা, ১২ ডিসেম্বর, ২০২৪

**ন্যাশনাল স্কুল গেমসের অনুর্ধ্ব ১৭ বালিকা বিভাগে জুড়ো প্রতিযোগিতার উদ্বোধন  
জুড়ো আমাদের সমস্ত ধরনের চ্যালেঞ্জকে কাটিয়ে উঠতে সাহায্য করে : মুখ্যমন্ত্রী**

জুড়ো একটি খেলা হিসাবে পারস্পরিক সম্মান, অধ্যবসায় এবং সমর্থনের মূল্যবোধকে মূর্ত করে। এই খেলা আমাদেরকে সমস্ত ধরনের চ্যালেঞ্জকে কাটিয়ে উঠতে সাহায্য করে। আজ নেতাজী সুভাষ আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্রে (এনএসআরসিসি) ৬৮তম ন্যাশনাল স্কুল গেমসের অনুর্ধ্ব-১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া ৬৮তম জাতীয় স্কুল গেমসের অনুর্ধ্ব-১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতার আয়োজন করার দায়িত্ব আমাদের রাজ্যকে দিয়েছে। তাই স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়াকে আন্তরিক ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী। পাশাপাশি দেশের বিভিন্ন রাজ্য থেকে আগত অংশগ্রহণকারীদের এবং কর্মকর্তাদেরও ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, এটা খুব আনন্দের বিষয় যে ত্রিপুরা রাজ্য স্কুল দল প্রতি বছর ভারতের স্কুল গেমস ফেডারেশন আয়োজিত প্রতিযোগিতার পাশাপাশি খেলো ইন্ডিয়া যুব গেমসের প্রতিযোগিতায় জুড়োতে খ্যাতি অর্জন করছে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধীনে ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড ইন্সট্রুমেন্ট থেকে রাজ্যস্তর পর্যন্ত অনুর্ধ্ব ১৪, ১৭, ১৯ বছর বয়সী বালক-বালিকাদের জুড়ো প্রতিযোগিতার আয়োজন করে থাকে। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর রাজ্যে ৬টি জুড়ো প্রশিক্ষণ কেন্দ্র চালু করেছে। এছাড়াও বাধারঘাট, পানিসাগর, খুমুলুঙ এবং এনএসআরসিসিতে ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের চারটি সেন্টার চালু রয়েছে। বিভিন্ন রাজ্য থেকে আগত প্রতিযোগিনী ও কর্মকর্তা সহ সকলকে রাজ্যের সৌন্দর্য উপভোগ করার লক্ষ্যে বিভিন্ন দর্শনীয় স্থানগুলো পরিদর্শন করার আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, ৬৮তম ন্যাশনাল স্কুল গেমসের অনুর্ধ্ব-১৭ বালিকা বিভাগের জুড়ো প্রতিযোগিতার আয়োজন রাজ্যের জন্য অবশ্যই আনন্দের বিষয়। এর আগেও রাজ্যে জাতীয়স্তরের বিভিন্ন প্রতিযোগিতা সফলভাবে আয়োজন করা হয়েছিল। রাজ্যের বর্তমান সরকার খেলাধুলার উন্নয়নে উন্নত পরিকাঠামো গড়ে তুলছে। এরফলে রাজ্যের ছেলেমেয়েরা জাতীয়স্তরের বিভিন্ন প্রতিযোগিতায় সফলতা অর্জন করতে পারছে। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিতি ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্ত্বর নাথ ও পদ্মশ্রী ড. দীপা কর্মকার। অনুষ্ঠানমধ্যে জাতীয়স্তরের জুড়ো গেমসে পুরস্কার বিজয়ী ৮ জন খেলোয়াড়কে সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনাস্বরূপ তাদের হাতে স্মারক উপহার তুলে দেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*